

প্রেস রিলিজ

তারিখ: ১৫ জুন ২০২৬

বাউবিতে স্কুলসমূহের ডিনদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর বিভিন্ন একাডেমিক স্কুলের (অনুষদ) ডিনদের অংশগ্রহণে তৃতীয় সমন্বয় সভা আজ ১৫ জুন ২০২৬ তারিখ, সোমবার বেলা ১১:০০ টায় উপাচার্যের গাজীপুরস্থ কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমকে আরও গতিশীল, সমন্বিত ও কার্যকর করার লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

সভাপতির বক্তব্যে উপাচার্য বলেন, "বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কার্যক্রমকে আরও গতিশীল, সমন্বিত এবং যুগোপযোগী করতে সকলকে আন্তরিকতা ও পেশাগত দক্ষতার সঙ্গে কাজ করতে হবে। তিনি বলেন, বাউবিতে একটি আধুনিক, জবাবদিহিমূলক, গবেষণাবান্ধব ও শিক্ষার্থী-কেন্দ্রিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের লক্ষ্যে একাডেমিক কার্যক্রমের মানোন্নয়ন, গবেষণা জার্নালের আন্তর্জাতিক মান নিশ্চিতকরণ, প্রযুক্তিনির্ভর শিক্ষা সম্প্রসারণ এবং মানবসম্পদ উন্নয়নের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

উপাচার্য আরও বলেন, ডিনস কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়নের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমে আরও গতি সঞ্চার হবে। তিনি আশা প্রকাশ করেন, সকলের সম্মিলিত প্রচেষ্টা ও সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচন করবে।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত মাননীয় প্রো-উপাচার্য অধ্যাপক ড. আনিসুর রহমান ও মাননীয় প্রো-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম।

সভার প্রথমে সভাপতির অনুমতিক্রমে ০৭টি স্কুলের সম্মানিত ডিনবৃন্দ নিজ নিজ স্কুলের গত ০৬ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। পাশাপাশি স্কুল ভিত্তিক একাডেমিক কার্যক্রম পর্যালোচনা, গবেষণা জার্নালসমূহের ডিওআই (DOI) এবং প্রকাশনার পর্যালোচনা। এছাড়াও সভায় বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ সমাবর্তন আয়োজন, জুলাই গণ অভূত্থানের বার্ষিকী উদযাপন, বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন, ৭ই নভেম্বর (জাতীয় বিপ্লব ও সংহতি দিবস) উদযাপন এবং বিবিধ প্রাসঙ্গিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি.এম আহমেদ হুসেইন, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক, পরীক্ষা নিয়ন্ত্রক, আইকিউএসির পরিচালকসহ সংশ্লিষ্ট স্কুলসমূহের ডিনবৃন্দ উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)